



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

সালনা, গাজীপুর-১৭০৬

ফোন : পিএবিএক্স : ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৯২০৫৩৩৩, ওয়েব: www.bsmrau.edu.bd

০১/০১/২০১৮ তারিখের বশেমুরকবি/প্রশা:/ই-০৫/২০১৭/০১ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সহকারী টেকনিক্যাল অফিসার পদের জন্য নির্ধারিত ফরমে ০৬ (ছয়) সেট এবং উচ্চমান সহকারী পদের জন্য নির্ধারিত ফরমে ০১ (এক) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ বরাবর দাখিল করিতে হইবে।
২. আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ২) নম্বরপত্র ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ৫) জাতীয় পরিচয়পত্র ৬) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে) ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A⁴ সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।
৩. প্রার্থীকে সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে।
৪. সহকারী টেকনিক্যাল অফিসার পদের প্রার্থীকে ১০০০/- (এক হাজার), উচ্চমান সহকারী পদের প্রার্থীকে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
৬. অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের (০১/০২/২০১৮ বিকাল ৫টা) পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
৭. বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে কম্পিউটার পরিচালনা, বাংলা এবং ইংরেজি টাইপিং, ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কেনিং ইত্যাদি বিষয়ে বাস্তব জ্ঞান, দক্ষতা ও পারদর্শিতা প্রদর্শন করিবার সক্ষমতা থাকিতে হইবে।
৮. সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হইবে।
৯. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থী হইলে যথাযথ সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে।
১০. মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২ (বত্রিশ) বৎসর।
১১. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাড়া দেওয়া হইবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ই-মেইল ঠিকানায় পত্র মারফত জানানো হইবে।
১২. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।

চলমান পাতা/১



১৩. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।
১৪. “অভিজ্ঞতা” অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।
১৫. সহকারী টেকনিক্যাল অফিসার পদে নিয়োগে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতায় চাহিত বিভাগ/শ্রেণী শিথিল করা যাইতে পারে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)

ক্র. নং	পদের নাম ও বেতনক্রম (জা. বে. স্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	সহকারী টেকনিক্যাল অফিসার ১৬০০০-৩৮৬৪০/-	ক) কোন স্বীকৃত সরকারি ইনস্টিটিউট/বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে/ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং-এ ১ম শ্রেণী/বিভাগ/সমমানের জিপিএ-সহ ডিপ্লোমা থাকিতে হইবে; খ) ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমাদারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; ঘ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে; ঙ) বয়সসীমা অনধিক ৩০ বৎসর।
২.	ইউডিএ ১১৩০০-২৭৩০০/-	<p><u>যোগ্যতা</u> : ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ-সহ স্নাতক ডিগ্রি; খ) কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।</p> <p><u>অভিজ্ঞতা</u> : বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে ২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>

০১/০১/২০১৮
(ছেয়দ জহুরুল আমিন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)